# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA

### Bengali Text Bulletin

**Date 07-10-2025** **Time: 7.35 A.M.**

**বিশেষ বিশেষ খবরঃ-**

১) উত্তরবঙ্গের নাগরাকাটায় ত্রাণ বন্টনের সময়ে মালদা উত্তরের সাংসদ খগেন মুর্মূ এবং শিলিগুড়ি বিধায়ক শঙ্কর ঘোষ আক্রান্ত হওয়ায় ঘটনাকে নিন্দা করে ভয়ঙ্কর বলে বর্ণনা করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি।

# রাজ্য বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী আজ বন্যা বিধ্বস্ত এলাকা পরিদর্শনে উত্তরবঙ্গ যাচ্ছেন।

২) ভোটার তালিকা সংক্রান্ত কাজকর্ম খতিয়ে দেখতে নির্বাচন কমিশনের একটি দল আজ রাজ্যে আসছে। উত্তরবঙ্গ বাদে বাকি জেলার আধিকারিকদের সঙ্গে আগামীকাল বৈঠকে বসবে কমিশন।

৩) কলকাতা ও যাদবপুর বিশ্ববিদ্যালয় সহ মোট আটটি বিশ্ববিদ্যালয়ে স্থায়ী উপাচার্য নিয়োগের সম্মতি দিল সুপ্রিম কোর্ট।

৪) বরানগরে স্বর্ন ব্যাবসায়ী খুনের ঘটনায় ধৃত দুজনের সাত দিনের পুলিশি হেফাজত।

৫) আইএফএ শিল্ড ফুটবল আগামীকাল থেকে শুরু হবে। উদ্বোধনী ম্যাচে ইস্টবেঙ্গল, শ্রীনিধি ডেকান এফ সি র মুখোমুখি হবে।

---

উত্তরবঙ্গের ডুয়ার্সের নাগরাকাটায় বন্যা বিধ্বস্ত পরিস্থিতি পরিদর্শনে গিয়ে গতকাল উত্তর মালদার সাংসদ খগেন মুর্মূ এবং শিলিগুড়ি বিধানসভার বিধায়ক শঙ্কর ঘোষের ওপর হামলার নিন্দা করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। সমাজ মাধ্যমে এক পোস্টে তিনি জানান এই ঘটনা রাজ্যের আইন শৃঙ্খলা পরিস্থিতির শোচনীয় অবস্থার প্রতিফলন। বিজেপি কার্যকর্তাদের তিনি মানুষের পাশে দাঁড়াতে এবং ত্রাণ কার্যে সাহায্যের নির্দেশও দিয়েছেন। উল্লেখ্য, রক্তাক্ত অবস্থায় শ্রী মুর্মু ও আক্রান্ত শঙ্কর ঘোষ বর্তমানে শিলিগুড়ির হাসপাতালে চিকিৎসাধীন। সাংবাদিকদের শঙ্কর ঘোষ বলেন, কিছু দুষ্কৃতী হঠাৎ তাঁদের ওপর চড়াও হয়।

বাইট শঙ্কর ঘোষ

সাংসদ ও বিধায়কের ওপর হামলার তীব্র নিন্দা করেছেন রাজ্যপাল সি ভি আনন্দ বোস। উত্তরবঙ্গের এই দুর্যোগের দিনে বিপর্যস্ত মানুষের পাশে থাকার বার্তা দিয়েছেন তিনি।

বাইট রাজ্যপাল

এদিকে, এই ঘটনাকে কেন্দ্র করে শুরু হয়েছে চূড়ান্ত রাজনৈতিক চাপানোতর। বিজেপির দাবি, এর পেছনে রয়েছে তৃণমূল কংগ্রেস আশ্রিত দুষ্কৃতীরা।

কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার এই আক্রমণের তীব্র নিন্দা করে এক্স হ্যান্ডেলে লেখেন নাগরাকাটায় পুলিশের উপস্থিতিতে তাদের ওপর যে নির্মম আক্রমণ করা হয়েছে, বাংলার মানুষ এই কাপুরুষতা ও নির্লজ্জতা কখনও ভুলবেনা।

বিজেপির জাতীয় মুখপাত্র শুধাংশু ত্রিবেদী সাংবাদিকদের বলেন, উত্তরবঙ্গে ত্রাণ বিলিতে গিয়ে দলীয় নেতারা যেভাবে আক্রান্ত হয়েছেন, তা অত্যন্ত উদ্বেগজনক।

বাইট শুধাংশু

অন্যদিকে বিজেপির ওপর আক্রমণের কড়া নিন্দা করে সিপিআইএম-এর রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম বলেন, উত্তরবঙ্গে পৌঁছেই মুখ্যমন্ত্রীর উচিত ছিল এই ঘটনায় জড়িতদের গ্রেপ্তারের নির্দেশ দেওয়া। প্রবীণ কংগ্রেস নেতা অধীর চৌধুরীও এই আক্রমণের তীব্র নিন্দা করে বলেছেন, এই সংকীর্ণতা বাংলার মানুষের জন্য কখনও শুভ হতে পারে না।

উত্তরবঙ্গের পরিস্থিতি পরিদর্শনে গতকাল সেখানে যান মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী ও রাজ্য বিজেপি সভাপতি শমীক ভট্টাচার্য। মৃতদের পরিবার প্রতি ৫ লক্ষ টাকার অর্থ সাহায্য এবং একজনকে স্পেশাল হোমগার্ডের চাকরির ঘোষণা করেছেন মুখ্যমন্ত্রী। তিনি নাগরাকাটা সহ উত্তরবঙ্গের বিভিন্ন ক্ষতিগ্রস্ত এলাকা ঘুরে দেখেন। দুর্যোগে বিপর্যস্ত পরিবারগুলির সঙ্গে কথা বলেন তিনি।

অন্যদিকে উত্তরবঙ্গে বন্যা পরিস্থিতিতে নিরাশ্রয় মানুষের পাশে দাঁড়াতে দলের সব কর্মীকে আবেদন জানিয়েছেন বামফ্রন্টের চেয়ারম্যান বিমান বসু। গতকাল একটি বিবৃতিতে তিনি বলেন, উত্তরবঙ্গের প্রাকৃতিক দুর্যোগে জনজীবন বিপর্যস্ত হয়েছে। ইতিমধ্যেই বিভিন্ন এলাকায় রেড ভলান্টিয়াররা উদ্ধার ও ত্রাণ কাজে নেমেছেন। পাশাপাশি শ্রী বসু নিহত মানুষের পরিবার বর্গকে সমবেদনা জানান তিনি।

আগেই জানানো হয়েছে, নিম্নচাপ জনিত প্রবল বৃষ্টি এবং ভুটান পাহাড় থেকে নেমে আসা জলে বিপর্যস্ত উত্তরবঙ্গে অন্তত ২৩ জনের মৃত্যু হয়েছে। মৃতের সংখ্যা আরও বাড়ার সম্ভাবনা। উত্তরবঙ্গে গতকালের পর থেকে বৃষ্টি অনেকটাই কমেছে। পরিস্থিতি স্বাভাবিক হওয়ার দিকে এগোচ্ছে।

রাজ্য বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী আজ বন্যা বিধ্বস্ত এলাকা পরিদর্শনে উত্তরবঙ্গ যাচ্ছেন। তিনি দার্জিলিং, জলপাইগুড়ি সহ বন্যা বিধ্বস্ত উত্তরবঙ্গের বিস্তীর্ণ

অঞ্চল পরিদর্শন করে হাসপাতালে ভর্তি আহত সাংসদ খগেন মুর্মু ও বিধায়ক শংকর ঘোষের সঙ্গে দেখা করবেন।

জলপাইগুড়ি থেকে আমাদের প্রতিনিধির একটি প্রতিবেদন।

ভয়েসকাস্ট

--------------------------

উত্তরবঙ্গে প্রবল বর্ষণে উত্তর পূর্ব সীমান্ত রেলের আলিপুরদুয়ার ডিভিশনের বেশ কিছু অংশে লাইনের উপর জল জমে থাকায় আজ দূরপাল্লার ৯ টি ট্রেনের যাত্রা পথ ঘুরিয়ে দেওয়া হচ্ছে। যে ট্রেন গুলি ঘুর পথে চলবে সেগুলি হল নিউ আলিপুরদুয়ার - শিয়ালদা তিস্তা তোর্সা এক্সপ্রেস, বামনহাট - শিয়ালদা উত্তরবঙ্গ এক্সপ্রেস, কামাখ্যা - আনন্দবিহার নর্থ ইস্ট এক্সপ্রেস, সহ আরো কিছু ট্রেন । এছাড়া, আজ থেকে কিছু ট্রেন বাতিল ও হচ্ছে। আজ থেকে আগামী ১৫ অক্টোবর পর্যন্ত এগুলো বাতিল থাকবে বলে উত্তরপূর্ব সীমান্ত রেল সূত্রের খবর।

--------------------------

উত্তরবঙ্গে বৃষ্টির পরিমাণ অনেকটাই কমেছে। আজ ও আগামীকাল বিক্ষিপ্তভাবে দু এক পশলা হালকা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা রয়েছে উত্তরের জেলাগুলিতে। আগাম সতর্কতা থাকা সত্ত্বেও আটকানো যায়নি বিপর্যয়, ভয়াবহতার কারণ হিসেবে সহমত হচ্ছেন আবহ বিজ্ঞানী ও পরিবেশকর্মীরা।

--------------------------

ভোটার তালিকা সংক্রান্ত কাজকর্ম খতিয়ে দেখতে নির্বাচন কমিশনের একটি দল আজ এরাজ্যে আসছে। উপ নির্বাচন কমিশনার জ্ঞানেশ ভারতীর নেতৃত্বে

দলটি আগামীকাল ভিডিও কনফারেন্সের মাধ্যমে জেলা নির্বাচনী আধিকারিক, ERO এবং নির্বাচনের সঙ্গে যুক্ত  অন্য আধিকারিকদের সঙ্গে বৈঠক করবে।

ত্রাণ ও পুনর্বাসনমূলক কার্যক্রমকে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে রাজ্য নির্বাচন দফতর উত্তরবঙ্গের সমস্ত জেলা নির্বাচন আধিকারিকদের এই বৈঠক থেকে অব্যাহতি দিয়েছে।

বৈঠকের পর প্রতিনিধি দল রওনা দেবে উত্তর ২৪ পরগনার উদ্দেশে।

আগামী ৯ ই অক্টোবর বৃহস্পতিবার তাঁরা পূর্ব মেদিনীপুর, বাঁকুড়া ও ঝাড়গ্রাম যাবেন।

--------------------------

কলকাতা ও যাদবপুর বিশ্ববিদ্যালয় সহ মোট আটটি বিশ্ববিদ্যালয়ে স্থায়ী উপাচার্য নিয়োগের সম্মতি দিল সুপ্রিম কোর্ট। কলকাতা বিশ্ববিদ্যালয়ে আশুতোষ ঘোষ এবং যাদবপুরে চিরঞ্জীব ভট্টাচার্যকে স্থায়ী উপাচার্য হিসেবে নিয়োগপত্র দেওয়া হবে বলে জানা গেছে। আশুতোষ ঘোষ এর আগেও কলকাতা বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত উপাচার্য ছিলেন। চিরঞ্জীব ভট্টাচার্য এর আগে যাদবপুরেই রেজিস্ট্রার এবং সহ-উপাচার্য হিসাবে দায়িত্ব সামলেছেন।

--------------------------

বরানগরে স্বর্ন ব্যাবসায়ী খুনের ঘটনায় দুজনকে গ্রেফতার করেছে পুলিশ। গতকাল ব্যারাকপুর আদালতে সুরজিৎ সিকদার ও সঞ্জয় মাইতি নামে দুজনকে তোলা হলে ,সাতদিনের পুলিশ হেফাজতের নির্দেশ দেন বিচারক।। ধৃতদের বরানগর ও নিউটাউন এলাকা থেকে গ্রেপ্তার করা হয়। ধৃতদের পুলিশ

জানিয়েছে সিসি টিভি ফুটেজে পাঁচজনকে দেখা যায়, তাদের মধ্যে দুজনকে গ্রেফতার করা হয়েছে। বাকিদের খোঁজে তল্লাশী ।

উল্লেখ্য, গত শনিবার ভর দুপুরে বরানগরের শম্ভুনাথ দাস লেনে স্বর্ণ প্রতিষ্ঠানে প্রবেশ করে ব্যবসায়ী সংকর জানাকে খুন করে বেশ কয়েক কেজি সোনা নিয়ে চম্পট দেয় দুষ্কৃতীরা।

--------------------------

আইএফএ শিল্ড ফুটবল আগামীকাল শুরু হবে। উদ্বোধনী ম্যাচে ইস্টবেঙ্গল, শ্রীনিধি ডেকান এফ সি, র মুখোমুখি হবে। কল্যাণী স্টেডিয়ামে খেলা শুরু হবে বিকেল তিনটেয়। গ্রুপ ‘এ’-তে ইস্টবেঙ্গলের সঙ্গে রয়েছে শ্রীনিধি ডেকান এফ সি ও নামধারী এফসি। গ্রুপ ‘বি’-তে রয়েছে মোহনবাগান সুপার জায়ান্ট,গোকুলাম কেরালা এফ সি এবং ইউনাইটেড এফ সি। ইস্টবেঙ্গল ১৪ অক্টোবর নামধারীর এফ সি, র বিরূদ্ধে খেলবে।

অন্যদিকে, মোহনবাগানের ৯ অক্টোবর প্রথম ম্যাচে গোকুলাম কেরালা এফ সি এবং ১৫ অক্টোবর ইউনাইটেড স্পোর্টস ক্লাবের সঙ্গে খেলবে।ফাইনাল হবে ১৮ অক্টোবর।

-------------------------- --------------------------